**বিল্ডিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভিলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প**
**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা**
**উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (১৫ ফেব্রুয়ারী ২০২৬)**

**আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: নাচোল** **জেলা: চাপাইনবাবগঞ্জ**
**তারিখ: ১৫-০২-২০২৬** **বুলেটিন নম্বর: ১২৩**

**গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি: ১২.০২.২০২৬ থেকে ১৪.০২.২০২৬ তারিখ পর্যন্ত**

| পূর্বাভাসের সময়কাল | ১২-০২-২০২৬ | ১৩-০২-২০২৬ | ১৪-০২-২০২৬ |
|---|---|---|---|
| বৃষ্টিপাত (মি.মি) | ০ | ০ | ০ |
| সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ২৫.৬ | ২৭.৫ | ২৭.৯ |
| সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ১৪.৪ | ১৫.৬ | ১৫.২ |
| আপেক্ষিক আর্দ্রতা (শতকরা) | ৪১ | ৪৬ | ৪১ |
| বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা) | ১০ | ১১ | ১১ |
| বাতাসের দিক | উত্তর - পশ্চিম | উত্তর - পশ্চিম | উত্তর - পশ্চিম |

**বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস: ১৫.০২.২০২৬ থেকে ১৮.০২.২০২৬ তারিখ পর্যন্ত**

| পূর্বাভাসের সময়কাল | ১৫-০২-২০২৬ | ১৬-০২-২০২৬ | ১৭-০২-২০২৬ | ১৮-০২-২০২৬ |
|---|---|---|---|---|
| বৃষ্টিপাত (মি.মি) | ০ | ০ | ০ | ০ |
| সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ২৭ | ২৯ | ৩০ | ৩০ |
| সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ১০ | ১০ | ১১ | ১২ |
| আপেক্ষিক আর্দ্রতা (শতকরা) | ৪৮ | ৪৬ | ৪৪ | ৩৯ |
| বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা) | ১২ | ১৪ | ১৩ | ১৩ |
| বাতাসের দিক | উত্তর - পশ্চিম | উত্তর - পশ্চিম | উত্তর - পশ্চিম | উত্তর - পশ্চিম |

Source: https://usf.bmd.gov.bd/

**সময়কাল: ১৫ ফেব্রুয়ারী ২০২৬ – ১৮ ফেব্রুয়ারী ২০২৬**

**গম: পর্যায়: দানা গঠন**

- এ পর্যায়ে ভালো ফলনের জন্য ৩য় সেচ প্রদান করুন।
- আগামী চার দিনে কোনও বৃষ্টিপাতের সম্ভাবনা নেই এবং শুষ্ক আবহাওয়া বিরাজ করার সম্ভাবনা রয়েছে।
- ফুল ফোটার সময় জমিতে পর্যাপ্ত পানি না থাকলে গমের ফলন হ্রাস পেতে পারে।
- জমিতে রস না থাকলে হালকাভাবে সেচ প্রয়োগ করতে হবে।
- বর্তমান আবহাওয়ায় রাত থেকে সকাল পর্যন্ত হালকা থেকে মাঝারি কুয়াশা থাকলে ব্লাস্ট রোগ হওয়ার সম্ভাবনা থাকে, সেজন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করতে হবে। ব্লাস্ট রোগ দেখা দিলে, নাটিভো-৭৫ ডব্লিউজি ৬.০গ্রাম/লিটার পানিতে মিশিয়ে স্প্রে করুন।
- ফসলের এই পর্যায়ে এবং অনুকূল আবহাওয়যায়, দেরিতে বপন করা গম ফসলে উইপোকার উপদ্রব দেখা দিতে পারে। যদি গমের ক্ষেতে উইপোকার উপদ্রব দেখা যায় তবে ক্লোরপাইরিফস গ্রুপের কীটনাশক ৪.০মিলি/লি: হারে পানির সাথে মিশিয়ে সন্ধ্যা বেলায় মাটিতে স্প্রে করার পরামর্শ দেওয়া হলো।
- ফসলের এই পর্যায়ে এবং অনুকূল আবহাওয়ায় গমে পাতার মরিচা রোগের আক্রমণ হতে পারে। লক্ষণ দেখা গেলে ছত্রাক নাশক টিল্ট ২৫০ ইসি ০.৫মিলি/লি: পানিতে মিশিয়ে ১২-১৫ দিন অন্তর ২-৩ বার স্প্রে করুন।

**আম:**

- আমের মুকুল আসার পূর্বেই প্রয়োজনে একটি স্প্রে করতে হবে। মুকুল আসার আগেই ঘন কুয়ামাচ্ছন্ন আবহাওয়া বিরাজ করলে মুকুল বের হওয়ার ১৫-২০ দিন পূর্বে সাইপারমেথ্রিন গ্রুপের কীটনাশক ০১ মিলি এবং সালফার গঠিত ছত্রাকনাশক ০২ গ্রাম পানিতে মিশিয়ে স্প্রে করুন। এই স্প্রে করলে হপার পোকা এবং সুটি মোল্ড ছত্রাকের আক্রমন কমে।
- আমের মুকুলে ফুল ফোটার পূর্বে গাছে যখন মুকুল ৪-৬ ইঞ্চি হয়, তখন ০১ লিটার পানিতে ইমিডাক্লোপ্রিড গ্রুপের কীটনাশক তরল ০.৫ মিলি এবং ম্যানকোজেব জাতীয় ছত্রাকনাশক ০২ গ্রাম মিশিয়ে সমস্ত গাছ ভিজিয়ে স্প্রে করুন।

- **সূত্র: কৃষি তথ্য সার্ভিস রাজশাহী**